



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ২২৫

রাজশাহীতে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হবে আগামীকাল

রাজশাহী; ২২ ফাল্গুন (০৭ মার্চ):

আগামীকাল শনিবার (০৮ মার্চ) আন্তর্জাতিক নারী দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'অধিকার, সমতা, ক্ষমতায়ন, নারী ও কন্যার উন্নয়ন'। দিবসটি উদযাপন উপলক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের যৌথ উদ্যোগে ওই দিন সকাল দশটায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক শবনম শিরিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জেলা প্রশাসক আফিয়া আখতার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পুলিশ সুপার ফারজানা ইসলাম, ইসলামী ফাউন্ডেশনের পরিচালক মো. আনিসুজ্জামান সিকদার এবং ডেপুটি সিভিল সার্জন ডা. মোসা. মাহবুবা খাতুন।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১১.১০ঘ.